

ছবি শিক্ষকের বিরুদ্ধে যৌন নিপীড়নের অভিযোগ

চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক আরদুদুয়াহ আল-মানুনের বিরুদ্ধে যৌন নিপীড়নের লিখিত অভিযোগ দিয়েছেন এক শিক্ষার্থী। অভিযোগকারী এই বিভাগের চতুর্থ বর্ষের ছাত্রী। অভিযোগের ভিত্তিতে একটি তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এ ঘটনা অস্বীকার করে অভিযুক্ত শিক্ষক আবদুদুয়াহ আল-মানুন যায়যায়দিনকে বলেন, তিনি এ ঘটনার সঙ্গে কোনোভাবেই সম্পর্কিত নন। এর বেশি কিছু তিনি বলতে পারবেন না।

লিখিত অভিযোগে বলা হয়, ইংরেজি দক্ষতা বাড়ানোর কৌশল শেখানোর প্রলোভন দেখিয়ে রুমে ডেকে শারীরিক সম্পর্ক স্থাপনের চেষ্টা করেছেন ওই শিক্ষক। এছাড়া তদন্ত কমিটির কাছে মানসিক ও একাডেমিক নিরাপত্তা চেয়েছেন অভিযোগকারী।

এ ঘটনার সত্যতা যাচাই করতে ইন্সটিটিউট অফ ফরেন্ট অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সের প্রফেসর ড. মোহাম্মদ মহিউদ্দীনকে প্রধান করে তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্য দুই সদস্য হলেন পরিসংখ্যান বিভাগের সহযোগী অধ্যাপক মো. এমদাদুল হক ও বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তা।